



ন্যাশনাল টিউবস লিমিটেড
টংগী, গাজীপুর।


ন্যাশনাল টিউবস লিমিটেড এর পাইপের আইডেনটিফিকেশন এন্ড ট্রেসেবিলিটি ব্যবস্থার উন্নয়নের জন্য ডিজিটাল মার্কিং এর প্রবর্তন করার জন্য গবেষণা ও উন্নয়ন প্রকল্প প্রস্তাব

১। গবেষণা প্রকল্পের নামঃ পাইপের আইডেনটিফিকেশন এন্ড ট্রেসেবিলিটি ব্যবস্থার উন্নয়নের জন্য ডিজিটাল মার্কিং এর প্রবর্তন।

২। গবেষণা প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যঃ পাইপ মার্কিং ব্যবস্থার আধুনিককরণের মাধ্যমে পাইপের নকল প্রতিরোধ ও মার্কিং ব্যবস্থার উন্নয়ন করা।


৩। বর্তমান অবস্থা (সমস্যা):

বর্তমানে এনটিএল এ ১/২ ইঞ্চি থেকে ৪ ইঞ্চি ব্যাসের এম এস ও জি আই পাইপ এবং ৩/৪ থেকে ৮ ইঞ্চি ব্যাসের এপিআই স্ট্যান্ডার্ড এর পাইপ তৈরি হচ্ছে। এ পি আই ও এমএস পাইপের উৎপাদন প্রক্রিয়ার প্রসেস ফ্লো ডায়াগ্রাম নিম্নে সংযুক্ত করা হলো:





ন্যাশনাল টিউবস লিমিটেড
টংগী, গাজীপুর।



পাইপ উৎপাদনের সময় ফেসিং ও বিভেলিং প্রক্রিয়ায় শুরু হতে প্রতিটি পর্যায়ে এপিআই এবং আইএসও স্ট্যান্ডার্ড সমূহের শর্ত অনুযায়ী প্রতিটি পাইপের স্বতন্ত্র নম্বর দিয়ে চিহ্নিত করতে হয় এবং কোন পাইপটি কোন ক্রেতার নিকট বিক্রয় হচ্ছে তার রেকর্ড রাখতে হয়। বর্তমানে পাইপের মার্কিং স্টেনসিল এর মাধ্যমে ম্যানুয়ালি দেয়া হচ্ছে এবং রেজিস্টার খাতার মাধ্যমে প্রতিটি পাইপের প্রত্যেকটি প্রক্রিয়া সম্পন্নের তথ্য সংরক্ষণ করা হচ্ছে যা বর্তমান পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ করা অত্যন্ত কষ্ট সাধ্য এবং যথাযথভাবে কার্যসম্পাদন করা সম্ভব হচ্ছে না। তাই আধুনিক পদ্ধতিতে অটোমেটিক মেশিনের মাধ্যমে পাইপ নম্বর প্রদান এবং তথ্য সংরক্ষণের ব্যবস্থা করা অনতি বিলম্বে প্রয়োজন। তাছাড়া বর্তমানে প্রচলিত মার্কিং যে কেউ নকল করতে পারেন, তাই এ ধরনের মার্কিং এর ফলে এনটিএল এর পাইপের নকল রোধ করা সম্ভব হবে।

৪। সমস্যা হতে উত্তরনের নিমিত্ত গবেষণা প্রস্তাবঃ

- ❖ এনটিএল বাংলাদেশের একমাত্র এপিআই লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান। API Q1 স্পেসিফিকেশন অনুযায়ী এনটিএল এর প্রতিটি পাইপের traceability থাকা আবশ্যিক। বর্তমানে পাইপ মার্কিং এর জন্য



ন্যাশনাল টিউবস লিমিটেড

টংগী, গাজীপুর।

স্ট্যানসিল তৈরি করতে হয়। যাতে প্রতিনিয়ত অর্থ ও শ্রমঘণ্টা খরচ হয় এবং স্ট্যানসিল পুনঃ ব্যবহারের কোন সুযোগ নাই।

- ❖ বর্তমানে এনটিএল এর এপিআই পাইপ সমূহের মধ্যে ২ ৩/৮” হতে ৮ ৫/৮” সাইজের পাইপ সমূহ স্ট্যানসিল এর মাধ্যমে মার্কিং করা হয়। এক্ষেত্রে পাইপের নকল করা সহজ। তার ফলে কম মান সম্পন্ন পাইপ NTL এর পাইপ হিসাবে বাজারজাত হতে পারে। এছাড়া বর্তমানে এম. এস. পাইপ, জি. আই. পাইপ ও ৩/৪” হতে ১” সাইজের এপি আই পাইপের গায়ে কোন প্রকার মার্কিং করা হয় না।
- ❖ তাই অটোমেটিক সিস্টেমে পাইপ মার্কিং করার ব্যবস্থা করা হলে এনটিএল এর পাইপ নকল রোধ করা সম্ভব হবে। পাশাপাশি অর্থ ও শ্রমঘণ্টা সাশ্রয় হবে এবং পাইপের traceability যথাযথভাবে বজায় রাখা সম্ভব হবে।

৫। গবেষণা প্রস্তুতের উল্লেখযোগ্য কার্যাবলীঃ


- ❖ ডিজিটাল মার্কিং মেশিন ক্রয়।
- ❖ মার্কিং মেশিনের কালি ক্রয়।
- ❖ মার্কিং ক্লিনার ক্রয়।
- ❖ আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয়।
- ❖ মার্কিং এর জন্য প্রয়োজনীয় কনভেয়ার/টেবিল এর ব্যবস্থা

৬। প্রাক্কলিত ব্যয় ও ব্যয়ের খাতঃ

ক্রমিক নং	বিবরণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	স্থানীয় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে অটোমেটিক মার্কিং মেশিন ক্রয় বাবদ খরচ। (সংখ্যা – ১ টি)	৬,৮০,০০০.০০	৬,৮০,০০০.০০
২	মার্কিং মেশিনের কালি ক্রয়(৩ টি)	৪৫,০০০.০০	৪৫,০০০.০০
৩	মার্কিং ক্লিনার ক্রয়	৮০০০.০০	১৬,০০০.০০
৪	আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয়।	৭০,০০০.০০	৭০,০০০.০০
৫	দরপত্র আহবান ও বিবিধ খরচ	৩০,০০০.০০	৩০,০০০.০০
		সর্বমোটঃ	৮,৪১,০০০.০০

৭। সম্ভাব্য ফলাফলঃ

- ❖ ডিজিটাল সিস্টেমে পাইপ মার্কিং করার ব্যবস্থা করা হলে এনটিএল এর পাইপ নকল রোধ করা সম্ভব হবে।
- ❖ এপি আই লাইসেন্স বহাল রাখা সম্ভব হবে।
- ❖ এনটিএল এর পাইপে অনন্য / অদ্বিতীয় মার্কিং সিস্টেম প্রতিষ্ঠিত করা সম্ভব হবে।



ন্যাশনাল টিউবস লিমিটেড

টংগী, গাজীপুর।

- ❖ বাজারে বিদ্যমান অন্য প্রতিষ্ঠানের পাইপ এনটিএল পাইপ হিসাবে বিক্রয় রোধ করা সম্ভব হবে ফলে এনটিএল এর বিক্রয় বৃদ্ধি পাবে।
- ❖ বিক্রয় বৃদ্ধি পেলে বর্তমান লোকসান অবস্থা হতে উত্তরন সম্ভব হবে।

মোঃ মোহসীন
উপ-সহকারী প্রকৌশলী(যান্ত্রিক)
টিম মেম্বর

মোঃ মঞ্জুর মোছাদ্দেদ
সহকারী প্রকৌশলী(তেড়িং)
টিম মেম্বর

আমিনুর রহমান (রাসেল)
প্রকৌশলী(যান্ত্রিক)
টিম মেম্বর

মোঃ ওয়ালিদ হোসেন
উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক)
টিম মেম্বর

মোহাম্মদ ফেরদৌস
উপ-প্রধান প্রকৌশলী(তেড়িং)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা